

নির্বাচনের গাইড



নির্বাচন করুন

উল্লিখিত 5-টি শীর্ষ কারণে এসব প্রভাবসম্পন্ন স্বেচ্ছাসেবী পদের একটিতে আপনার নির্বাচন করা বিবেচনা করা উচিত:

- 1 DOE-এর উদ্যোগ, স্কুল এবং প্রোগ্রামসমূহ সম্পর্কে জানা
- 2 পিতামাতা হিসেবে আপনার কাছে যা গুরুত্বপূর্ণ, তার পক্ষে কাজ করা
- 3 স্কুল জোন পুনর্বিন্যাস (রি-জোনিং), স্কুল বন্ধ রাখা, এবং স্কুল সহ-অবস্থান বিষয়ে ভোট দেওয়া
- 4 অন্য পিতামাতাদের সাথে সম্পর্ক গড়ে তোলা
- 5 আপনাদের স্কুল কমিউনিটিগুলোর ভবিষ্যত গড়ে তুলতে সহযোগী অংশীদার হিসেবে স্থানীয় নেতৃত্ব, ডিস্ট্রিক্ট নেতৃত্ব, এবং DOE নেতৃত্বের সাথে সরাসরি সংশ্লিষ্ট হওয়া

32

কমিউনিটি এডুকেশন
কাউন্সিলগুলো
(CECs) পাঁচটি বরো
জুড়ে 32 টি কমিউনিটি
স্কুল ডিস্ট্রিক্ট-এর
প্রতিনিধিত্ব করে

+

4

সিটিওয়াইড
কাউন্সিলগুলো প্রতিনিধিত্ব
করে হাই স্কুল, ইংরেজি
ভাষা শিক্ষার্থী (ইংলিশ
ল্যাঙ্গুয়েজ লার্নার)
এবং প্রতিবন্ধিতায়ুক্ত
শিক্ষার্থীদের

=

36

এডুকেশন কাউন্সিল

এডুকেশন কাউন্সিলগুলি কী?

এডুকেশন কাউন্সিলগুলি নিউ ইয়র্ক সিটির স্কুলগুলির নীতি প্রণয়ন এবং অগ্রাধিকার নির্ধারণে সহায়তা প্রদান করে। কাউন্সিলগুলির ক্ষমতা এবং দায়িত্বের মধ্যে পড়ে বিভিন্ন বিষয়ে চ্যান্সেলরকে পরামর্শ প্রদান, ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্টগণের সাথে সরাসরি কাজ করা, ডিস্ট্রিক্ট এডুকেশনাল প্রোগ্রামসমূহের পর্যালোচনা, স্কুল জোনিং লাইনের অনুমোদন প্রদান, টাউন হল আয়োজন করা এবং স্কুলসমূহের দীর্ঘমেয়াদী উন্নতিতে সুপারিশ প্রদান করা। এখানে 32টি কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CEC) এবং চারটি (4) সিটিওয়াইড কাউন্সিলস রয়েছে।

32টি কমিউনিটি এডুকেশন কাউন্সিল

কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CEC)



● 10 জন নির্বাচিত পিতামাতা যার মধ্যে রয়েছেন:

- ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) একজন (1) পিতামাতা
- স্পেশাল এডুকেশন শিক্ষার্থীদের এক (1) জন পিতামাতা
- ডিস্ট্রিক্ট 75 স্কুলে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের একজন (1) পিতামাতা (যদি আপনার সন্তান একটি ডিস্ট্রিক্ট 75-এর প্রোগ্রামে তালিকাভুক্ত হয়ে থাকে, তবে আপনি আপনার সন্তানের প্রোগ্রামটি যে ডিস্ট্রিক্টে অবস্থিত, সেখানকার CEC-তে একটি আসনের জন্য নির্বাচন করতে পারেন)

● 2 জন নিয়োগপ্রাপ্ত

32টি CEC পিতামাতাদেরকে তাদের সন্তানের স্কুল ডিস্ট্রিক্টে সংশ্লিষ্ট হওয়ার সুযোগ দেয়। আপনার সন্তান যদি কোনো পাবলিক, নন-চার্টার স্কুলে প্রি-K থেকে 8 গ্রেডের শিক্ষার্থী হয়, তাহলে আপনি ঐ ডিস্ট্রিক্টের CEC নির্বাচনে প্রার্থী হতে পারবেন। পিতামাতা সদস্যগণ নির্বাচিত হন ডিস্ট্রিক্টের সকল পিতামাতাদের দ্বারা।



আরো তথ্যের জন্য দেখুন:

schools.nyc.gov/Elections2023

4টি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল

চারটি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল নির্দিষ্ট জনগোষ্ঠীর স্বার্থে কাজ করে: হাই স্কুল শিক্ষার্থী, ইংরেজি ভাষা শিক্ষার্থী, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ।

সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস (CCHS)



- 10 জন নির্বাচিত পিতামাতা
- 3 জন নিয়োগপ্রাপ্ত

আপনার সন্তান যদি কোনো পাবলিক, নন-চার্টার হাই স্কুলে পড়ে, তাহলে আপনি আপনার সন্তানের হাই স্কুল যেখানে অবস্থিত সেই বরোর প্রতিনিধিত্ব করতে সেখানকার CCHS-এর প্রার্থী হতে পারবেন। পিতামাতা সদস্যগণ ঐ বরোর সকল হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতাদের দ্বারা নির্বাচিত হন।

সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (CCELL)



- 9 জন নির্বাচিত পিতামাতা
- 2 জন নিয়োগপ্রাপ্ত

আপনার সন্তান বর্তমানে বা বিগত দুই বছরে সাবেক ইংরেজি ভাষা শিক্ষার্থী হয়ে থাকলে আপনি CCELL-এর প্রার্থী হতে পারবেন। পিতামাতা সদস্যগণ ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স) পিতামাতাদের দ্বারা নির্বাচিত হন।

সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (CCSE)



- 9 জন নির্বাচিত পিতামাতা
- 2 জন নিয়োগপ্রাপ্ত

আপনার সন্তানের যদি একটি ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) থাকে এবং সে যদি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অর্থায়িত স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারী হয়, তাহলে আপনি CCSE-র প্রার্থী হতে পারবেন। পিতামাতা সদস্যগণ পাবলিক স্কুলের IEP-যুক্ত শিক্ষার্থীদের পিতামাতাগণ কর্তৃক নির্বাচিত হন।

সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75 (CCD75)



- 9 জন নির্বাচিত পিতামাতা
- 2 জন নিয়োগপ্রাপ্ত

আপনার সন্তান যদি কোনো ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামে তালিকাভুক্ত থাকে, তাহলে আপনি CCD75-এ প্রার্থী হতে পারবেন। পিতামাতা সদস্যগণ D75 স্কুলসমূহের শিক্ষার্থীদের পিতামাতাগণ কর্তৃক নির্বাচিত হন।

2023 সালের নির্বাচনের গুরুত্বপূর্ণ তারিখসমূহ

9 জানুয়ারি – 13 ফেব্রুয়ারি | আবেদনের সময়কাল
এডুকেশন কাউন্সিলের একটি আসনের জন্য আবেদন করুন।

27 ফেব্রুয়ারি – 20 এপ্রিল | প্রার্থী ফোরাম
ফোরামগুলো প্রার্থীদের জন্য এডুকেশন কাউন্সিলে পরিষেবা দেয়ার জন্য কেন তাদের নির্বাচিত
হওয়া উচিত তা ভোটারদের বলার একটি সুযোগ।

21 এপ্রিল – 9 মে | পিতামাতাগণ অনলাইনে ভোট দেবেন
পিতামাতাগণ এডুকেশন কাউন্সিলগুলোর 357 সদস্যের সবার জন্য ভোট দেবেন।

জুন 2023 | ফলাফল ঘোষণা

1 জুলাই, 2023–2025 | এডুকেশন কাউন্সিল সদস্যের মেয়াদ

NYC স্কুলস অ্যাকাউন্টের জন্য সাইন আপ করুন

এডুকেশন কাউন্সিলের একটি আসনের জন্য নির্বাচন করতে, আপনার প্রথমে একটি NYC
স্কুলস অ্যাকাউন্টের জন্য সাইন আপ করা প্রয়োজন। এখানে আজই সাইন আপ করুন
schoolsaccount.nyc.gov।

আরো জানুন



আরো তথ্যের জন্য দেখুন:
schoolsaccount.nyc.gov/Elections2023

T-34874 (Bangla)